জেলা পরিষদ কার্যালয়
কুড়িগ্রাম।
www.zpkurigram.gov.bd

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং ৪৬.৪৭.৪৯০০.০০২.০৯.০০৩.১৭.১২৮৯ তারিখ : ১৬.০১.২০২৩ খ্রিঃ।

" গাছ বিক্রয়ের পুনঃদরপত্র (২য় বার) বিজ্ঞপ্তি "

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিধি মোতাবেক উন্নয়নমূলক কাজের স্বার্থে কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলায় জেলা পরিষদের মালিকানাধীন চিলমারী মাটিকাটার মোড় হতে শরীফের হাট পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা গাছ যেখানে যে অবস্থায় আছে বিক্রয়ের জন্য অত্র কার্যালয়ের নির্ধারিত সিডিউল ফরমে নিম্নোক্ত শর্তে সীলমোহরযুক্ত খামে মোট ০১ (এক) টি লটে পুনঃদরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়ের নাম | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ০২ | বাস্তবায়নকারী সংস্থা | জেলা পরিষদ, কুড়িগ্রাম |
| ০৩ | ক্রয়কারী | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম |
| ০৪ | ক্রয়ের পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৫ | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | ৩১.০১.২০২৩ খ্রিঃ অফিস চলাকালীন পর্যন্ত |
| ০৬ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | ০১.০২.২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ টা পর্যন্ত |
| ০৭ | দরপত্র ক্রয় এবং দাখিলের স্থান | ক) জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম।<br>খ) জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চিলমারী, কুড়িগ্রাম। |
| ০৮ | প্রি-টেন্ডার মিটিং এর তারিখ, সময় ও স্থান | ২৫.০১.২০২৩ খ্রিঃ দুপুর ১২.০০ টায় জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম |
| ০৯ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ০১.০২.২০২৩ খ্রিঃ বেলা ২.০০ ঘটিকায় জেলা পরিষদ, কুড়িগ্রাম কার্যালয়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। |

গাছের তালিকা :

| ক্রমঃ নং | লট নং | উপজেলার নাম | গাছের অবস্থানসহ বিবরণ | গাছের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ০১ | চিলমারী | চিলমারী মাটিকাটার মোড় হতে শরীফের হাট পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিভিন্ন প্রজাতির জীবিত ও মরা (০১- ১১৯) ১১৯ (একশত উনিশ) টি গাছ। | ১১৯টি গাছ |

শর্তাবলী :

১) দরপত্র দাতাকে উদ্ধৃত দরের ১০০% অর্থ, আয়কর ১০% এবং মূল্য সংযোজন কর (ভ্যাট) ৭.৫০% যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে পৃথক পৃথক ভাবে এমআইসিআর পে-অর্ডার/ এমআইসিআর ব্যাংক ড্রাফট -এর মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম বরাবর দাখিল করতে হবে।

২) একাধিক ব্যাংক হতে এমআইসিআর পে-অর্ডার/ এমআইসিআর ব্যাংক ড্রাফট করা হলে দরপত্রে প্রত্যেকটি ব্যাংকের নাম, ড্রাফট/ পে-অর্ডার নম্বর সুস্পষ্টভাবে লিখতে হবে।

৩) দরপত্রে প্রদেয় দরের কম বা বেশি টাকার এমআইসিআর পে-অর্ডার/ এমআইসিআর ব্যাংক ড্রাফট দাখিল করলে দরপত্র গৃহীত হবে না।

৪) দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্র (আইডি কার্ড)/ জন্ম নিবন্ধন পত্রের কপি বাধ্যতামূলকভাবে দরপত্র সিডিউল -এর সঙ্গে দাখিল করতে হবে।

৫) অফিস চলাকালীন পর্যন্ত ৩০০/- (তিনশত) টাকা মূল্যে সিডিউল বিক্রয় করা হবে। দরপত্রের সাথে অবশ্যই সিডিউল ক্রয়ের রসিদ সরবরাহ করতে হবে।

৬) দরপত্রমূল্যের মোট দর অংকে এবং কথায় স্পষ্টভাবে লিখতে হবে এবং দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ঘষাঘষি করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৭) সরেজমিনে গাছগুলো পরিদর্শনপূর্বক বর্তমান অবস্থা, অবস্থান ও গাছের সংখ্যা যাচাই করে দরপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হ'ল। পরবর্তীতে এ বিষয়ে কোন প্রকার ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য নম্বরকৃত গাছ ব্যতিরেকে অন্য কোন গাছ কর্তন করা যাবে না। এরূপ কর্মকান্ড করলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮) কার্যাদেশ প্রাপ্তির পর বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা -২০১১ অনুযায়ী বিভাগীয় বন কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে গাছ কর্তন/ অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর মহোদয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে গাছ অপসারণের কার্যাদেশ প্রদান করা হবে।

১০) রাস্তায় যে সময় জনসমাগম ও যানবাহন কম চলাচল করবে সে সময়ে গাছ অপসারণ করতে হবে।

১১) গৃহীত দরদাতাকে বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগপূর্বক গাছ অপসারণ করতে হবে এবং জান ও মালের কোন রকম ক্ষতি হলে নিজ দায়িত্বে বহন করতে হবে। বৈদ্যুতিক কারণে গাছ কর্তনের বিলম্ব বা দায়ভার কর্তৃপক্ষ বহন করবে না।

১২) গাছ অপসারণের সময় রাস্তা, রাস্তার বিভাজক, ফুটপাথ ক্ষতিগ্রস্ত হলে দরদাতাকে নিজ খরচে তা মেরামত করে দিতে হবে।

১৩) প্রতিটি গাছ মাটির লেভেল হতে ৬" উপরে কাটতে হবে এবং কোনক্রমেই গাছের গোড়া উত্তোলন করা যাবে না।

১৪) রাত্রিকালীন সময় কোন গাছ/ গাছখন্ড কর্তন/ বহন করা যাবে না।

১৫) জেলা পরিষদ/ উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতি ব্যতিরেকে গাছ/ গাছ খন্ডসমূহ অপসারণ করা যাবে না।

১৬) গাছ অপসারণের নির্ধারিত সময়ে অপসারণ করে নিতে ব্যর্থ হলে পরবর্তীতে টেন্ডারের টাকা ফেরত প্রদান করা হবে না।

১৭) বিস্তারিত তথ্য জানার জন্য অত্রাফিসে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হ'ল।

১৮) সর্বোচ্চ দরদাতার দরপত্রসহ যে সকল দরদাতা বিডি উত্তোলন করেন নাই তাদের দরপত্র অত্রাফিসে সংরক্ষিত আছে। পুনঃ টেন্ডারেও (২য়বার) তার এই দরটি বিবেচিত হবে। তবে তিনি ইচ্ছুক হলে দাখিলকৃত দরের শুধুমাত্র অতিরিক্ত দরের বিডি নির্ধারিত তারিখ ও সময়ে বিধি মোতাবেক জমা দিয়ে দর বৃদ্ধি করে এই টেন্ডারে অংশগ্রহণ করতে পারবেন।

১৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী প্রকৌশলী (অতিঃ দাঃ)
জেলা পরিষদ, কুড়িগ্রাম।
ফোন ঃ ০৫৮১-৫১৩৯০ (অফিস)।
ই-মেইলঃ ae@zpkurigram.gov.bd

স্মারক নং ৪৬.৪৭.৪৯০০.০০২.০৯.০০৩.১৭.১২৮৯/১(৩০০) তারিখ : ১৬.০১.২০২৩ খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে/ বহুল প্রচারের জন্য প্রেরিত হ'ল :</u>

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম ।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
০৭। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
০৯। মেয়র, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম।
১০। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/ সওজ বিভাগ/ এলজিইডি/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
১২। জনাব.................................................................,সাধারণ/সংরক্ষিত মহিলা সদস্য, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
১৩। সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, কুড়িগ্রাম।
১৪। ফরেষ্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চিলমারী, কুড়িগ্রাম।
১৫। অফিসার ইন-চার্জ, চিলমারী থানা, কুড়িগ্রাম।
১৬। উপ-সহকারী প্রকৌশলী/ সার্ভেয়ার, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
১৭। দারোয়ান-কাম-কেয়ার টেকার, জেলা পরিষদ ডাকবাংলো, চিলমারী, কুড়িগ্রাম - বহুল প্রচারের জন্য।
১৮। জনাব,.............................................................................................।
১৯। নোটিশ বোর্ড/ অফিস কপি।

সহকারী প্রকৌশলী (অতিঃ দাঃ)
জেলা পরিষদ, কুড়িগ্রাম ।